

NYC KIDS RISE Save for College Program

পিগি ব্যাঙ্ক PS84

The Steinway School, 2017 এ তৈরী হয়েছে



আপনার শিশুর জন্য
বিনিয়োগ করুন-কলেজে
পড়ানোর জন্য সঞ্চয় করুন

ডিস্ট্রিক্ট 30 এর সমস্ত কিন্ডারগার্টেনাররা নতুন কলেজ
স্কলারশিপ ও সেভিংস প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য যোগ্য

কিন্ডারগার্টেনে কলেজের সেভিংস প্ল্যানের জন্য শুরু করুন



কলেজের জন্য সঞ্চয় করা কঠিন হতে পারে এবং শুরু করায় সবথেকে কঠিন কাজ।

যে কারণে NYC Kids RISE নিউইয়র্ক সিটি এবং NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশনের সঙ্গে অংশীদারিত্বে Save for College Program-এর শুরু করেছে।

এটি একটি স্কলারশিপ এবং সেভিংস প্রোগ্রাম যা আপনার সন্তানের জন্য কলেজকে আরো সুগম এবং সহজলভ্য করে তুলতে তৈরী করা হয়েছে। প্রোগ্রামটি আপনার সন্তানের ভবিষ্যতের জন্য অর্থ সঞ্চয়ে আপনাকে, আপনার পরিবারকে এবং আপনার কমিউনিটিকে একসঙ্গে কাজ করার উপায় প্রদান করে।

স্কুল ডিস্ট্রিক্ট 30-এর সমস্ত কিন্ডারগার্টেন শিক্ষার্থী এই Save for College Program এ অংশগ্রহণ করতে পারে, তাতে তাদের আয়ের স্তর এবং অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন। অংশগ্রহণকারী প্রতিটি শিশু পাবে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট যেখানে NYC Kids RISE তরফে প্রাথমিকভাবে 100 ডলার অর্থ সাহায্য দেওয়া হবে।

স্কুল ডিস্ট্রিক্ট 30 এর মধ্যে রয়েছে কুইন্সের বিভিন্ন মহল্লা যেমন অস্টোরিয়া, ডিটমারস, ইস্ট এলমহাস্ট, হান্টার'স পয়েন্ট, জ্যাকসন হাইটস, লং আইল্যান্ড সিটি, সানিসাইড এবং উডসাইড।

NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পেতে পরিবারবর্গ কিছু করতে হবে না এবং স্কলারশিপ অ্যাকাউন্ট থাকলে আপনার সরকারি সুবিধা যেমন ধারা 8 এর ভাউচার, নিউইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (NYCHA) বা ভাড়া নিয়ন্ত্রিত আবাসন, SNAP বা Medicaid লাভের যোগ্যতা সীমিত করবে না।

পরিবারবর্গও তাদের নিজেদের কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারেন সন্তানদের শিক্ষাসংক্রান্ত ভবিষ্যতের জন্য সঞ্চয় শুরু করতে। পিতামাতা, অভিভাবক, আত্মীয় এবং বন্ধুরা এই অ্যাকাউন্টে সরাসরি অর্থ অনুদান দিতে পারেন এবং NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সেভিংস ব্যালেন্স দেখতে পারার পাশাপাশি তাদের সেভিং ব্যালেন্সও দেখতে পারেন।

পরিবারবর্গকে এটি একা করার প্রয়োজন নেই। স্থানীয় সংগঠন ও ব্যবসা সহ সমগ্র কমিউনিটি অংশগ্রহণকারী শিক্ষার্থীদের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট অর্থ অনুদান দিয়ে সম্পূর্ণ হতে পারে।

শিক্ষার্থী, পিতামাতা, পরিবার ও কমিউনিটিদের জন্য সুযোগ

NYC Kids RISE Save for College Program
আপনার সন্তানের ভবিষ্যতকে সুরক্ষিত করার
জন্য আপনাকে, আপনার পরিবারকে এবং
আপনার কমিউনিটিকে একসঙ্গে কাজ করার
একটি উপায় প্রদান করে।

- 1 প্রতিটি যোগ্য শিক্ষার্থীকে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট প্রদান করা হলে, সেখানকার অর্থ পরিবারবর্গ শুধু শিক্ষার ক্ষেত্রে ব্যবহার করতে পারবে;
- 2 পরিবারবর্গকে সরঞ্জাম এবং তথ্য প্রদানের মাধ্যমে ক্ষমতায়ন করা যাতে তারা নিজস্ব কলেজ সেভিংস প্ল্যান তৈরি করতে পারে;
- 3 স্কলারশিপ অ্যাকাউন্টগুলিতে অর্থ জমা দিয়ে সন্তানদের কলেজ সেভিংসে বিনিয়োগ করতে কমিউনিটিগুলিকে একসঙ্গে কাজ করার ক্ষমতা প্রদান করা;
- 4 কলেজে যাওয়ার প্রত্যাশা বাড়িয়ে তোলা স্কুল ও এলাকাভিত্তিক অনুষ্ঠান ও প্রচারের মাধ্যমে; এবং
- 5 কিন্ডারগার্টেনে আর্থিক শিক্ষা প্রদান যাতে প্রত্যেক শিক্ষার্থী তাদের ক্লাসরুমে আর্থিক প্রশিক্ষণ পায় সেটি নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে কাজ করে।

শুরু করা যাক

NYC Kids RISE Save for College Program এ অংশগ্রহণ করা শুরু করার তিনটি সহজ উপায় আছে:

1

কোন অংশগ্রহণকারী সরকারি স্কুলে আপনার কিন্ডারগার্টেনারকে ভর্তি করুন এবং নির্বাচন মুক্ত করার বিজ্ঞপ্তিতে সই করবেন না।

প্রতিটি কিন্ডারগার্টেনারের NYC স্কলারশিপ অ্যাকাউন্টে নিজে থেকেই 100 ডলার করে জমা হবে, যদি না তাদের পরিবার অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়ে থাকে।

অ্যাকাউন্ট তৈরী করার আগে, আপনি আপনার সন্তানের স্কুল থেকে একটি ফর্ম পাবেন, যদি আপনি আপনার বাচ্চাকে অংশগ্রহণ না করাতে চান তাহলে ফর্মটিতে সই করতে পারেন।

যদি আপনি চান যে আপনার বাচ্চা প্রোগ্রামে অংশ নিক এবং NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পেতে চান, তাহলে এই ফর্মটিতে সই করবেন না।

আরও তথ্যের জন্য Save for College Program ইভেন্টে অংশ নিন কর্মশালায় 833-543-7473 নম্বরে ফোন করুন।

2

আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে অনলাইনে নিবন্ধন করুন।

আপনার NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খোলার পর, সময়ে সময়ে আপনার ব্যালেন্স চেক করতে এবং আপনার সন্তানের অ্যাকাউন্ট কিভাবে দেখবেন তা সম্পর্কে NYC Kids RISE-এর থেকে তথ্য দেখুন।

যখন আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে রেজিস্টার করেন, তখন NYC Kids RISE অ্যাকাউন্টে অতিরিক্ত অর্থ জমা দেবে।

3

কলেজ সেভিংস বিকল্প, আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট খোলা এবং আরও পুরস্কার পাওয়া সম্পর্কে জানতে কোন কর্মশালায় যোগ দিন বা nyckidsrise.org দেখুন।

NYC KIDS RISE

NYC Kids RISE হল একটি অলাভজনক সংস্থা যেট শিশুদের শিক্ষার ক্ষেত্রে পরিবার, স্কুল ও কমিউনিটিকে একসঙ্গে কাজ করার উপায় প্রদান করে শিশুদের শিক্ষার জন্য আর্থিক ও পক্ষপাতহীন সুযোগ প্রসারিত করে।

পরিবারবর্গের তাদের শিশুদের ভবিষ্যতের জন্য যে স্বপ্ন রয়েছে তা গড়ে তোলা ও প্রত্যাশা পূরণ করার ক্ষেত্রে NYC Kids RISE এর লক্ষ্য হল পরিবারবর্গ কোথা থেকে এসেছে ও ব্যাঞ্জে তাদের কী পরিমাণ অর্থ আছে তা নির্বিশেষে NYC সরকারি স্কুলের শিক্ষার্থীদের কলেজে পড়া ও গ্রাজুয়েট হওয়া আরও সহজসাধ্য করে তোলা।





আপনার শিশুর জন্য
বিনিয়োগ করুন-
কলেজে পড়ানোর জন্য
সঞ্চয় করুন

কেমন করে হয় সেটি জানুন

nyckidsrise.org

833-KID-RISE (833-543-7473)

NYC
KIDS
RISE

NYC

Office of
the Mayor

Department
of Education

GRAY
FOUNDATION

সিটি কমিউনিটি ডেভেলপমেন্টের সাহায্যে কিছু অংশ নেওয়া সম্ভব হয়েছে।